খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
Khulna Water Supply & Sewerage Authority
খুলনা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
৭নং রুজভেল্ট জেটিঘাট রোড (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা-৯০০০।


মুজিব শতবর্ষ MUJIB 100

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৭.০০০০.০০৩.২১.০০৩.২৪-৪৭৬৪ তারিখ : ২৬/০৮/২০২০

**বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে তথ্য প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ ৪৬.০৯১.০১৬.০০.০০.০০.০০২.২০১৪-৩৩, তারিখ:০৪/০৮/২০২০, মনিটরিং-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে খুলনা ওয়াসার উল্লেখযোগ্য কার্যক্রমের তথ্যাদি প্রেরিত ছক পূরণ পূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৬/০৮/২০২০
(মোঃ আব্দুল্লাহ, পি.ইঞ্জ)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃ:আ: সহকারী সচিব, মনিটরিং-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি:
১। উপসচিব, পাস-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।


**Phone :** +88-041-762996, **Fax:** +88-041-762909, web : www.kwasa.org.bd, **e-mail:** mdkwasa@yahoo.com

# খুলনা ওয়াসার ২০১৯-২০ অর্থ বছরের কর্মকান্ডের উপর চাহিত তথ্য প্রতিবেদন

১। **ভূমিকা:** নগরবাসীর চাহিদা অনুযায়ী খুলনা ওয়াসা নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার বহুমুখী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে।

২। **বিবর্তনের ইতিহাস :** খুলনা সিটি কর্পোরেশন সৃষ্টি হওয়ার পূর্বে খুলনা শহরে পানি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা দ্বারা পরিচালিত হত। ১৯৮৪ সাল থেকে সৃষ্ট পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশন এর অধীনে পরিচালিত হয়ে আসছিল। নগরবাসীর চহিদার পরিপ্রেক্ষিতে গত ২/৩/২০০৮ খ্রিঃ তারিখ বাংলাদেশ সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ এর মাধ্যমে খুলনা ওয়াসার সৃষ্টি হয়।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্য :** খুলনা শহরের নগরবাসীর মধ্যে সুপেয় পানি সরবরাহ করার লক্ষ্যে সরকার খুলনা ওয়াসা ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) প্রতিষ্ঠা করেছে। খুলনা ওয়াসা খুলনা নগরবাসীদের জন্য উৎপাদক নলকূপ, ভূ-উপরিস্থ পানি শোধনাগার ও পাইপ লাইন এর মাধ্যমে নিরাপদ সুপেয় পানি সরবরাহ, স্ট্রীট-হাইড্রেন্ট এর মাধ্যমে পানি সরবরাহ এবং বিশেষ প্রয়োজনে গ্রাহকের চাহিদার পরিপ্রেক্ষিতে ওয়াটার ট্যাংকের মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করে থাকে।

৪। **সাংগঠনিক কাঠামো ও জনবলসহ খুলনা ওয়াসার সকল প্রশাসনিক কার্যক্রমের বিবরণ :** ২৫/১১/০৮ খ্রিঃ তারিখে ১৫৭ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রেখে রাজস্ব খাতের আওতায় অস্থায়ীভাবে খুলনা ওয়াসার জনবল অনুমোদিত হয়। ১৫৭ জনের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের সাবেক পানি সরবরাহ বিভাগের ১০৯ জন কর্মকর্তা/কর্মচারীকে খুলনা ওয়াসায় বিভিন্ন পদে আত্মীকরণ এর কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়া ১ জন ব্যবস্থাপনা পরিচালক ও ১ জন উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) চুক্তি ভিত্তিক নিয়োগে কর্মরত আছেন। খুলনা ওয়াসার সৃষ্টিলগ্ন ২০০৮ সাল থেকে বর্তমান ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয় কর্তৃক অস্থায়ীভাবে সৃজনকৃত ৭৬টি পদ এবং পূর্বে সৃজনকৃত ১৫৭টি পদ থেকে শূণ্য পদের বিপরীতে খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টার রোল কর্মচারীদের মধ্য থেকে ৭০ জন কর্মচারীকে স্থায়ীভাবে নিয়োগ দেয়া হয়। বর্তমানে খুলনা ওয়াসার সাংগঠনিক জনবলের তথ্য নীচে দেখানো হলো :

| গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ম গ্রেড | - | - | ১১তম গ্রেড | - | - |
| ২য় গ্রেড | ১টি | ১টি | ১২ তম গ্রেড | - | - |
| ৩য় গ্রেড | ১টি | ১টি | ১৩ তম গ্রেড | ১১ টি | ৮টি |
| ৪র্থগ্রেড | ২ টি | ১ | ১৪তম গ্রেড | ৬ টি | ৪টি |
| ৫ম গ্রেড | ৩ টি | ১ | ১৫তম গ্রেড | ৯ টি | ৮টি |
| ৬ষ্ঠ গ্রেড | ৫ টি | ৩ টি | ১৬ তম গ্রেড | ৬০ টি | ৫৩টি |
| ৭ম গ্রেড | – | – | ১৭তম গ্রেড | ৪ টি | ৪টি |
| ৮ম গ্রেড | – | – | ১৮তম গ্রেড | ৬০ টি | ৫১টি |
| ৯ম গ্রেড | ১৬ টি | ১১টি | ১৯তম গ্রেড | – | – |
| ১০ম গ্রেড | ১২ টি | ৬টি | ২০তম গ্রেড | ২১ টি ও আউট সোর্সিং- ১১৪টি | ২১টি ও আউট সোর্সিং- ৩১টি |

বি:দ্রঃ এছাড়া ওয়াসা সৃষ্টির সময় খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টাররোল কর্মচারীর মধ্যে ৭০ জনকে নিয়োগ দেয়ার পর এখন বর্তমানে ৬২ জন কর্মচারী মাস্টার রোল হিসেবে কর্মরত রয়েছে।

৫। **২০১৯ -২০ অর্থ বছরে রাজস্ব আয়ের খাতভিত্তিক বিবরণী:**

| খাত | লক্ষ্য মাত্রা | অর্জন | বকেয়া/বকেয়া আদায় | বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| পানির বিল | ৪,৭৯,৬৩,২৬৪ | ৫,০৪,৮৭,৬৪৬ | ৪৬,৩৮,২০৯ টাকা পূর্বের বকেয়া আদায় | * ডিমান্ড নোটিশ প্রদান।<br>* ডিমান্ড নোটিশ অনুসারে আদায়ের নিমিত্তে বাড়ি বাড়ি গিয়ে বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহণ।<br>* বকেয়া আদায়ের লক্ষে টেলিফোনে গ্রাহকের সাথে যোগাযোগ।<br>* কম্পিউটারাইজড বিল প্রদান।<br>* বকেয়া পানির বিল পরিশোধের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি, হ্যান্ডবিল এবং মাইকিং করা, টেলিভিশনে স্ক্রল নিউজ প্রদর্শন।<br>* সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করা। |
| পানির সংযোগ ফি | ৯৪,১৪,০৭৮ | ৯৮,০৪,২৯৩ | | |
| গভীর নলকূপ হতে রাজস্ব | ৩৪,৭৭৫ | ৩৬,৫০০ | | |
| ট্যাংক গাড়ীতে পানি বিক্রয় | ১,২২,৯৭৮ | ১,২৯,৪৫০ | | |
| বিবিধ (দরপত্র /সিডিউল বিক্রয়, পানির সংযোগ আবেদন ফরম, নাম পরিবর্তন ফি ও বিবিধ) | ১,৭৫,৮৯০ | ১,৮৫,১৪৯ | | |
| মোট= | ৫,৭৭,১০,৯৮৫ | ৬,০৬,৪৩,০৩৮ | | |

৬. চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/ অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৯-২০ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৯-২০ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ১ | খুলনা পানি সরবরাহ প্রকল্প। প্রকল্প ব্যয়: ২৫৫৪৯১.৮৬ (ADB = ৫২৩৭৭.৯৬ , JICA = ১০৯০১৭.৪৬ এবং GOB = ৯৪০৯৬.৪৪) বাস্তবায়নকাল: জুলাই ২০১১ - জুন ২০২০ | খুলনা মহানগরীতে পর্যাপ্ত পরিমান সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করণে ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা কমিয়ে ভূ-উপরিস্থ পানি শোধনকরে দৈনিক ১১ কোটি লিটার পরিশোধিত পানি সরবরাহ করা। যাহার মধ্যেমে পানি সরবরাহের কভারেজ প্রায় ৪৬% বৃদ্ধি পাবে। | **রাজস্ব খাত** | | | | |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | ০.০০ | | ০.০০ |
| | | | **মুলধন খাত** | | | | |
| | | | ১টি ১১০ MLD ক্ষমতার Water Intake facility নির্মাণ ও ৩৩ কিঃ মিঃ Raw Water Transmission pipe Line | ১০০% | ৭৩.০০ | ১০০% | ৭৩.০০ |
| | | | ১১০ MLD Surface Water Treatment Plant নির্মাণ ও ১টি ৭৭৫ মিলিয়ন লিটার ধারণক্ষম Impounding Reservoir নির্মাণ | ১০০% | ২০২.০০ | ১০০% | ২০২.০০ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | ৪০৭৫৩.৯০ | | ৪০৪৮৩.৯ |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | ৪২০৩৮.৯৪ | | ৪১৭৬৮.৯৪ |

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৯-২০ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৯-২০ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | খুলনা শহরে পয়:নিষ্কাশন ব্যবস্থা নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ। ( এপ্রিল ২০১৮- জুন ২০২১) | প্রাকৃতিক পরিবেশ বজায় রাখা এবং স্বাস্থ্য সম্মত জীবনযাত্রার জন্য খুলনা মহানগরীতে সুয়ারেজ ব্যবস্থায় পয়:বর্জ্য, ময়লা পানি অপসারণ, পরিচালন ও নি:স্বরণ ইত্যাদি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে পাম্প স্টেশন ও ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণে জমি অধিগ্রহণ। | **ক. রাজস্ব খাত** | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| | | | সার্ভেয়ার,স্টেশনারি, টেলিফোন, ফ্যাক্স, পর্চা উঠানো, স্ট্যাম্প,প্রিন্টিং, ফটোকপি, লেবার, যাতায়ত এবং লজেষ্টিক সাপোর্ট | থোক | ৩.৫০ | থোক | ৩.৫০ |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | ৩.৫০ | | ৩.৫০ |
| | | | **খ. মুলধন খাত** | | | | |
| | | | স্যুয়ারেজ পাম্প স্টেশন ও স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট এর জন্য ভূমি অধিগ্রহণ | থোক | ৩৪৯৬.৫০ | থোক | ৩৪৯৬.৫০ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | ৩৪৯৬.৫০ | | ৩৪৯৬.৫০ |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | ৩৫০০.০০ | | ৩৫০০.০০ |

১৮/০৮/২০২০
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

১৮/০৮/২০২০
প্রকৌঃ এম, ডি, কামালউদ্দিন আহমেদ
উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।

৭। মানব সম্পদ উন্নয়ন ঃ

দেশে প্রশিক্ষণঃ

| | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ০৭/০৯/২০১৯ হতে ৩১/১০/২০১৯ পর্যন্ত বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র, সাভার, ঢাকা। | ১ জন | ৯১তম সিনিয়র স্টাফ (এস এস সি) |
| ২ | ১৫/০৯/২০১৯ হতে ১৯/০৯/২০১৯ পর্যন্ত আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র, বয়রা, খুলনা। | ২ জন | 2nd e- nothi course (Grade -13 – 16) |
| ৩ | ০৬/১০/২০১৯ হতে ৩১/১০/২০১৯ পর্যন্ত শ্রম অধিদপ্তর শিল্প সম্পর্ক শিক্ষায়াতন, মীরের ডাঙ্গা, খুলনা। | ৪ জন | শ্রম আইন বিষয়ক শিল্প সম্পর্ক প্রশিক্ষন কোর্স |
| ৪ | ২৯/০৯/২০১৯ হতে ০৩/১০/২০১৯ পর্যন্ত আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র বয়রা, খুলনা। | ১ জন | স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয় অভিস্ট (এস ডি জি) বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষন |
| ৫ | ০৫/১০/২০১৯ খ্রিঃ ০১ দিন প্রশিক্ষন বিভাগ ০৫ তলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এইচ আর ডি সেন্টার ৩৬-৩৭ বীর উত্তম এ কে খন্দকার সড়ক মহাখালী, ঢাকা - ১২১২ | ২ জন | সেপটিক ট্যাংক পরিস্কার কারন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষন |
| ৬ | ২২/০৬/২০২০ হতে ২৩/০৬/২০২ পর্যন্ত, ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্ত মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর আই সিটি টাওয়ার ১১ তলা, আগারগাও, ঢাকা-১২০৭ | ৪ জন | ই- নথির উপর অনলাইন প্রশিক্ষন |
| ৭ | ১৬/০১/২০২০, স্থানীয় সরকার বিভাগ বাজেট শাখা | ৩ জন | বাজেট + ডাট এন্ট্রি বিষয়ক প্রশিক্ষন |
| ৮ | ২৯/০১/২০২০ অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ - ১ অধিশাখা | ১ জন | বাজেট পরিপত্র - ১ জন বিষয়ক প্রশিক্ষন |

অভ্যন্তারীন প্রশিক্ষণ

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ২/৮/২০১৯ হতে ৩/৮/২০১৯ পর্যন্ত বাংলাদেশ ওয়াটার ইন্ট্রিগ্রিটি ও এনজিও ফোরামের যৌথ উদ্যোগ, খুলনা ওয়াসা ভবন, প্রশিক্ষন কক্ষ (কক্ষ নং ৫০১) | ১৬ জন | Integrity Management in KWASA Khulna Bhabon শীর্ষক কর্মশালা |
| ২ | ২৭/১১/২০১৯ হতে ২৯/১১/২০১৯ পর্যন্ত এশিয়া উন্নয়ন ব্যাংক এর উদ্যোগে কোরিয়ান ওয়াটার সহায়তায়, খুলনা ওয়াসা ভবন, প্রশিক্ষন কক্ষ (কক্ষ নং ৫০১) | ১৫ জন | Training Program on activities for smart water Management (SWM) শীর্ষক কর্মশালা |
| ৩ | ৩০/০১/২০২০ ও ০১/০২/২০২০ পর্যন্ত এডিবি'র সহায়তায়, খুলনা ওয়াসা ভবন, প্রশিক্ষন কক্ষ নং ৫০১ | ৮ জন | Strategic Procurement Planning Work shop Khulna sewerage system Development Project শীর্ষক কর্মশালা |

১৬/০৮/২০২০

২৬/০৮/২০২০

বিদেশে প্রশিক্ষণ

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ০৩/১১/২০১৯ হতে ১৬/১১/২০১৯ পর্যন্ত, নেপাল। | ১ জন | Training Course 2nd phase Sustainable Urban Water and sanitation Integrated Process SUWAS শীর্ষক কর্মশালা |
| ২ | ৪/৯/২০১৯ হতে ২৩/৯/২০১৯ ২০ পর্যন্ত, দক্ষিন করিয়া। | ১১ জন | TA – 90- 18 RFG Promoting Smart Drinking Water management in South Asian Cities শীর্ষক কর্মশালা |

**৮। অডিট সংক্রান্ত তথ্য:**

পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক খুলনা ওয়াসার সৃষ্টিকাল হতে ২০০৮-১০, ২০১০-১২, ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৭-১৮ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। অডিট আপত্তিতে সর্বমোট ৩৮ টি আপত্তি উত্থাপন করা হয়। যার মধ্যে ২৯ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৯ টি সাধারণ অনুচ্ছেদ রয়েছে। উক্ত ৩৮ টি আপত্তি হতে জুন ২০২০ পর্যন্ত ১৯ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৯ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ২৮ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১০ টি অগ্রিম অনুচ্ছেদের নিষ্পত্তি মূলক জবাব প্রেরণ করা হয়েছে (যার মধ্যে ১০ টি অগ্রিম অনুচ্ছেদ স্থানীয় সরকার বিভাগ থেকে সুপারিশ করে পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে)।

**৯। ২০১৯- ২০ অর্থ বছরের অর্জন/ সাফল্য :**

- বর্তমান জুন ২০১৯ পর্যন্ত পানি সরবরাহের পরিমান ১৪৬ এম এল ডি -তে উন্নীত হেয়েছে।
- খুলনা মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থা সম্প্রসারণ হিসাবে জুন, ২০২০ পর্যন্ত পানির সংযোগ ৩৫,০০০টি-তে উন্নীত হয়েছে।
- পানি সরবরাহের পাইপ লাইনে ৬২ টি লিক মেরামত করে পানির অপচয় (এনআরডব্লিউ) হ্রাস করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- পানির অপচয় রোধকল্পে ও পানির ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে পূর্বের মাসিক ফ্ল্যাট রেইট (ব্যাস পদ্ধতি) এর পরিবর্তে মিটারিং ব্যবস্থা চালুর লক্ষ্যে পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হচ্ছে। জুন ২০২০ পর্যন্ত ৯৭% পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হয়েছে।
- জুন ২০২০ পর্যন্ত রাজস্ব আদায়ের হার বৃদ্ধি পেয়ে ৯৭% উন্নীত হয়েছে।
- খুলনা ওয়াসা ইতোমধ্যেই কম্পিউটারাইজড বিলিং সফটওয়্যার চালু করেছে। যার মাধ্যমে গ্রাহকদের পানির সংযোগের ও বিলের বিস্তারিত তথ্য সহজে জানা যাচ্ছে। প্রতি গ্রাহকের সংযোগ প্রদান থেকে শুরু করে মাসিক বিল সহ রাজস্ব আদায় সম্পর্কে তথ্য জানা যাচ্ছে।
- খুলনা ওয়াসায় দাপ্তরিক কাজ পরিচালনায় ই-নথি চালু করা হয়েছে। দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও সমায়নুবর্তিতা নিশ্চিত কল্পে গুরুত্বপূর্ণ নথি সমূহ ই-নথিতে নিষ্পন্ন করা হচ্ছে।
- খুলনা ওয়াসার সার্বক্ষণিক কল সেন্টার চালু হয়েছে। এছাড়াও গ্রাহক যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তার সেবা সংক্রান্ত সমস্যা লিপিবদ্ধ করতে পারবে এবং দাখিল কৃত অভিযোগের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানতে পারবেন।
- ই-জিপি পোর্টালের আওতায় খুলনা ওয়াসার যাবতীয় টেন্ডার কার্যক্রম ইলেক্ট্রনিক পদ্ধতিতে করা হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন, দরপত্র আহবান, উন্মুক্তকরণ ও মূল্যায়ন, চুক্তি সম্পাদনের নোটিশ প্রদান ও চুক্তি সম্পাদনসহ যাবতীয় ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে।
- ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে অগ্রসর হতে খুলনা ওয়াসার গ্রাহকগণ যেকোনো সময় ঘরে বসেই তাদের নিজ নিজ মোবাইল ফোন থেকে জি-পে, শিওর ক্যাশ ও ডিবিবিএল অ্যাপ এর মাধ্যমে খুলনা ওয়াসার পানির বিল পরিশোধ করতে পারেন।
- পানির বিল পরীক্ষার জন্য গ্রাহকবৃন্দকে এসএমএস এর মাধ্যমে জানানো হচ্ছে।
- খুলনা ওয়াসার ডায়নামিক ওয়েবসাইট চালু করা হয়েছে (http://www.kwasa.org.bd)। খুলনা ওয়াসার গ্রাহক সেবা সম্পর্কিত যাবতীয় তথ্য সহ দাপ্তরিক সাধারণ তথ্য ও যাবতীয় ফরম ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। গ্রাহকগণ যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তাদের নিজ নিজ পানির বিলের তথ্য সরাসরি দেখতে পারবেন।
- কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়্যার চালু হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে বর্তমানে স্বয়ংক্রিয়ভাবে ই-বিলিং সফটওয়্যারের মাধ্যমে আদায়কৃত রাজস্ব একাউন্টিং সফটওয়্যার এর সাথে সমন্বয়ের মাধ্যমে নিয়মিতভাবে যাবতীয় হিসাব কাজ সম্পন্ন করা হচ্ছে। খুলনা ওয়াসায় কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতনসহ অন্যান্য ভাতাদি পে রোল সফটওয়্যারের মাধ্যমে প্রস্তুত করা হচ্ছে।

২৬/০৮/২০২০ ২৬/০৮/২০২০

প্রকৌঃ এম, ডি, কামালউদ্দিন আহমেদ


- খুলনা ওয়াসার সম্পদ সমূহ সুষ্ঠুভাবে সংগ্রহ, বণ্টন ও অপচয় রোধে ইতোমধ্যেই কম্পিউটারাইজড ইনভেনটরি সফটওয়্যার চালু করা হয়েছে। ফলে ক্রয়কৃত ও ভাণ্ডারে মজুদকৃত সম্পদের পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকরণ ও সুষ্ঠু হিসাবরক্ষণ করা হচ্ছে।

**খুলনা ওয়াসায় বাস্তবায়িত প্রকল্পঃ**

খুলনা পানি সরবরাহ প্রকল্পঃ


ভূ-গর্ভস্থ পানি ব্যবহার হ্রাস করে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি লক্ষ্যে ২৫৫,৪৯১.৮৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে "খুলনা পানি সরবরাহ প্রকল্প" বাস্তবায়নের মাধ্যমে নিম্ন উল্লেখিত অবকাঠামো নির্মাণ করে চাহিদা অনুযায়ি নিরাপদ সুপেয় পানি সরবরাহ করা হচ্ছে।

- Surface Water Treatment Plant & Impounding Reservoir : খুলনা জেলার রূপসা উপজেলার তিলক ও পাথরঘাটা নামক স্থানে ১১০ এমএলডি (১১ কোটি লিটার) ক্ষমতা বঙ্গবন্ধু ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট-এ পানি শোধন করে সরবরাহ করা হচ্ছে।




১১০ এমএলডি ক্ষমতা সম্পন্ন বঙ্গবন্ধ ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট ।

- Distribution Reservoir & Overhead Tanks :মহানগরীতে বিভিন্ন স্থানে ৭টি Distribution Reservoir (৫০০০ থেকে ১৩৫০০ ঘ:মি: ক্ষমতা সম্পন্ন) এবং ১০টি Overhead Tanks (৪০০ঘ:মি: ক্ষমতা সম্পন্ন ৫টি এবং ৬৫০ ঘ:মি: ক্ষমতা সম্পন্ন ৫টি) এর মাধ্যমে নিরাপদ সুপেয় পানি সরবরাহ করা হচ্ছে।



Reservoir & Overhead Tank নির্মাণ কাজ।

- Clear Water Transmission Mains including River crossing:৩০০ মি:মি: হতে ১২০০ মি:মি: ব্যাসের ৪৫ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ, ১৪ কি:মি: এইচডিপিই পাইপ এবং রুপসা নদীর তলদেশ দিয়ে ৬৮৫ মি:স্থাপিত পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি সরবরাহ করা হচ্ছে।




রূপসা নদীর তলদেশ দিয়ে ডাকটাইল আয়রন পাইপ লাইন স্থাপন।

১৮/০৮/২০২০

২০/০৮/২০২০


প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ

- Distribution Pipe Network:এ কাজের আওতায় স্থাপিত ৭৫মি:মি: থেকে ৫০০মি:মি: ব্যাসের ৪২ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ এবং ৬১০ কি:মি: এইচডিপিই স্থাপিত পাইপ লাইনের মাধ্যমে খুলনা মহানগরীর ৩৫০০০ বাসগৃহে পানি সরবরাহ করা হচ্ছে।



মহানগরীরতে ডাকটাইল আয়রন ও এইচডিপিই পাইপ লাইন স্থাপন।

- Water Intake facility and Raw Water Transmission Pipe line: বাগেরহাট জেলার মোল্লাহাট ব্রীজ সংলগ্ন স্থানে নির্মিত ইনটেক পাম্প হাউজ ও অন্যান্য ফ্যাসিলিটির মাধ্যমে মধুমতি নদী হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ৩৩.৪০ কি:মি: ডাকটাইল আয়রন সঞ্চালন পাইপ লাইনের মাধ্যমে বঙ্গবন্ধু ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টে সরবরাহে করা হচ্ছে।



মোল্লাহাট ওয়াটার ইনটেক পাম্প হাউজ

১৮/০৮/2020

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

প্রকৌঃ এম, ডি, কামালউদ্দিন আহমেদ
উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।